

ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষদ

বাপাউবো, ঢাকা।

স্মারক নং-ভউপ (১৬-১৭)/পাউবো/


তারিখঃ

বরাবর,
প্রধান প্রকৌশলী
দক্ষিণ-পশ্চিমাঞ্চল
বাপাউবো, খুলনা।

বিষয়ঃ- বোর্ডের "৩৭তম আন্তঃ অফিস ভলিবল প্রতিযোগিতা ২০১৬-১৭" খুলনায় আয়োজন প্রসঙ্গে।

বোর্ডের আন্তঃ অফিস ভলিবল প্রতিযোগিতা এক এক বৎসর এক এক জোনে অনুষ্ঠিত হয়ে থাকে। গত বৎসর এ প্রতিযোগিতা দক্ষিণ-পূর্বাঞ্চল জোনের কক্সবাজারে অনুষ্ঠিত হয়েছিল। এরই ধারাবাহিকতায় বোর্ডের "৩৭তম আন্তঃ অফিস ভলিবল প্রতিযোগিতা ২০১৬-১৭" এ বৎসর আগামী ১০/০১/২০১৭ হতে ১৪/০১/২০১৭ খ্রিঃ তারিখের খুলনায় আয়োজনের বিষয়টি বোর্ডের মহাপরিচালক মহোদয় পূর্বে সদয় অনুমোদন করেছিলেন। কিন্তু আগামী ১০ই জানুয়ারী, ২০১৭খ্রিঃ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস এবং বিশ্ব ইজতেমা, ২০১৭ (১৩-১৫ জানুয়ারী ২০১৭ইং হতে প্রথম পর্ব এবং ২০-২২ই জানুয়ারী ২০১৭ দ্বিতীয় পর্ব) অনুষ্ঠিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "৩৭তম আন্তঃ অফিস ভলিবল প্রতিযোগিতা ২০১৬-১৭" খুলনা জোন এ আগামী ১০/০১/২০১৭ খ্রিঃ হতে ১৪/০১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হওয়ার পরিবর্তে আগামী ২৪/০১/২০১৭ খ্রিঃ হতে ২৮/০১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠানের সদয় অনুমোদনের বিষয়টি মহাপরিচালক মহোদয় কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে। জনাব মোঃ জাহাঙ্গীর কবীর, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয় আগামী ২৪/০১/২০১৭ তারিখে সকাল ০৯.০০ ঘটিকায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত প্রতিযোগিতার শুভ উদ্বোধন করবেন। ২৮/০১/২০১৭ খ্রিঃ তারিখে দুপুর ০২.০০ ঘটিকায় ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণ করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) মহোদয় জনাব এস এম তাজুল ইসলাম। প্রতিযোগিতার ৫/৭ দিন পূর্বে ঢাকা হতে বাপাউবো ভলিবল উপ-পরিষদের ৪/৫ জন প্রতিনিধি খুলনায় গিয়ে মাঠ প্রস্তুতি, খেলোয়াড়দের থাকার ব্যবস্থা এবং অন্যান্য বিষয়ে আপনিসহ সংশ্লিষ্ট সকলের সাথে পরামর্শ করে আসবেন।

এমতাবস্থায় বাপাউবোর্ডের আসন্ন "৩৭তম আন্তঃ অফিস ভলিবল প্রতিযোগিতা ২০১৬-১৭" এ বৎসর খুলনায় আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার এবং আপনার আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীর সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।


(এস এম তাজুল ইসলাম)

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
সভাপতি, ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষদ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

তারিখঃ ২/১/১৭

স্মারক নং-ভউপ (১৬-১৭)/পাউবো/ ৬৬৭

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পও র সার্কেল ও সাধারণ সম্পাদক, ক্রীড়া ও সাংস্কৃতিক পরিষদ, বাপাউবো, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা পও র সার্কেল, বাপাউবো, খুলনা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর পও র সার্কেল, বাপাউবো, খুলনা।
- ৪। সচিব, বাপাউবো, ঢাকা।
- ৫। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এনালিস্ট, বাপাউবো, ঢাকা (বিষয়টি বাপাউবো- এর ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/সচিব, বাপাউবো, ঢাকা।
- ৮। নির্বাহী প্রকৌশলী, খুলনা পও র বিভাগ-১/২, বাপাউবো, খুলনা।
- ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, বাপাউবো শ্রমিক কর্মচারী লীগ (রেজিঃ নং বি-১৮৮৭), সিবিএ, বাপাউবো, ঢাকা।


২/১/১৭

(পলাশ চন্দ্র সরকার)

উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র
সম্পাদক, ভলিবল উপ-পরিষদ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

(মোবাইল: ০১৭১২৫৯৫১৫০)

(ই-মেইল: dhakarac0101@gmail.com)